গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৭৮-আইন/২০২৬/৩৩/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯৪-আইন/ ২০২৪/৪৬/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading 40.16 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন Heading এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

"70.05 7005.29.10 Ultra Clear Float Glass"; এবং

(খ) দফা ৬ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, কমা ও শব্দগুলির পরিবর্তে "৩০ জুন, ২০৩০ খ্রিস্টাব্দ" সংখ্যাগুলি, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com